দৈনিক ইত্তেফাক

300

তারিখ ... JUL 15 1999
পৃঃ ৪ কলাম ৪

# একটি মানবিক আবেদন

ইদানীং সরকারী এবং স্বায়ত্তশাসিত বিভিন্ন প্রতিষ্ঠানের নিয়োগ বিজ্ঞপ্তিতে শিক্ষাজীবনের কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয় বলিয়া শর্ত জুড়িয়া দেওয়ার প্রবণতা লক্ষ্য করা যাইতেছে। ইহাতে যোগ্যতাসম্পন্ন শিক্ষিত অনেক বেকার যুবক আবেদন করার সুযোগ হইতে ; বঞ্চিত হইতেছে। মাধ্যমিক হইতে স্নাতকোত্তর পর্যন্ত যেকোন একটি পরীক্ষায় অনাকাঙ্ক্ষিত কোন কারণে খারাপ হওয়া অস্বাভাবিক নয়। এমনিতেই সেশন জটের ফলে চার-পাঁচ বৎসর সময় অধিক লাগিয়া যায়। ফলে শারীরিক অসুস্থতা নিয়াও অনেকে পরীক্ষা দেয়। এভাবে পরীক্ষার ফলাফল খারাপ হইয়া যায়। তাহাছাড়া, আমাদের শিক্ষা ব্যবস্থায় সিলেবাস পরিবর্তনশীল। ফলে সব বৎসরের প্রশ্নপত্র এবং ফলাফলের মান এক রকম নয়। যে-কোন পদে আবেদন করার পর লিখিত ও মৌখিকসহ বিভিন্ন পরীক্ষা নিয়া উপযুক্ত প্রার্থীকে নিয়োগ দেওয়া হয়। এমতাবস্থায়, যে ক্ষেত্রে সরাসরি কোন পরীক্ষা ছাড়া কর্মকর্তা-কর্মচারী নিয়োগ করা হইবে সেক্ষেত্রে যেকোন একটি তৃতীয় বিভাগপ্রাপ্ত প্রার্থীকে বাদ দেওয়া যাইতে পারে। তবে যে সকল ক্ষেত্রে পরীক্ষার মাধ্যমে কর্মকর্তা-কর্মচারী নিয়োগ করা হইবে, সে সকল ক্ষেত্রে তৃতীয় বিভাগধারীকেও আবেদন করার সুযোগ দেওয়া অথবা পয়েন্ট পদ্ধতি অনুসরণ করা হউক। আর যদি একান্তই তৃতীয় বিভাগ/শ্রেণীপ্রাপ্তদের সুযোগ দেওয়া না যায়, তবে তৃতীয় বিভাগ/শ্রেণী বাদ দেওয়া হউক। বিষয়টির প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

মোঃ মোশারফ হোসেন,
৩৩/২ কে,বি, রুদ্র রোড, ঢাকা।